# তারেক রহমানের প্রত্যাবর্তন ঘিরে ৭ রুটে বিশেষ ট্রেন চায় বিএনপি



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ২৫ ডিসেম্বর দেশে প্রত্যাবর্তন উপলক্ষে নেতাকর্মীদের ঢাকায় যাতায়াত সহজ করতে ৭টি রুটে বিশেষ ট্রেন ও অতিরিক্ত বগি রিজার্ভের আবেদন করেছে বিএনপি।

বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) রেল মন্ত্রণালয়ে পাঠানো চিঠিতে বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী জানান, ২৪ ডিসেম্বর রাতের জন্য সরকারি নীতিমালা অনুযায়ী ভাড়া পরিশোধ সাপেক্ষে এই ব্যবস্থা চাওয়া হয়েছে। প্রস্তাবিত রুটগুলো হলো—কক্সবাজার, সিলেট, জামালপুর-ময়মনসিংহ, টাঙ্গাইল, চাঁপাইনবাবগঞ্জ-রাজশাহী, পঞ্চগড়-নীলফামারী-পার্বতীপুর ও কুড়িগ্রাম-রংপুর থেকে ঢাকা।

এর আগে যুক্তরাজ্যে বিজয় দিবসের অনুষ্ঠানে তারেক রহমান নিজেই ২৫ ডিসেম্বর দেশে ফেরার ঘোষণা দেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরও একাধিকবার এ তথ্য নিশ্চিত করে বলেন, তার আগমনকে দলীয়ভাবে স্বাগত জানানো হবে।

প্রসঙ্গত, ২০০৮ সালে চিকিৎসার জন্য যুক্তরাজ্যে যাওয়ার পর থেকে সেখানেই অবস্থান করছেন তারেক রহমান। লন্ডন থেকেই দীর্ঘদিন দল পরিচালনা করে আসছেন তিনি।

LENS ASIA